

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
সাধনিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা
www.imli.gov.bd

স্মারক নং: আমাই/অডিটোরিয়াম ব্যবহার (অংশ-১)/৩০/২০১৬/৩৩০

০১ ফাল্গুন ১৪২৩
তারিখ:-----
১৩ ফেব্রুয়ারি ২০১৭


বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি প্রদান।

সূত্র: বাংলাদেশ গ্রন্থাগার সমিতির স্মারক নং-বাগ্রস/ইউনেস্কো-১/২০১৪-২০১৫/১২, তারিখ: ০২/০২/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জঁর প্রতিষ্ঠান কর্তৃক আগামী ২৮/০২/২০১৭ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০টা থেকে রাত ৯:০০টা পর্যন্ত অনুষ্ঠান আয়োজনের জন্য নিম্নোক্ত শর্তাধীনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি প্রদান করা হলো।

অডিটোরিয়াম ব্যবহারের শর্তাদি:

১. রাষ্ট্র, সরকার ও আইন-শৃঙ্খলা বিরোধী বা কারো ধর্মীয় ও সাংস্কৃতিক অনুভূতিতে আঘাত লাগে এমন কোনো বক্তব্য/অনুষ্ঠান উপস্থাপন করা যাবে না;
২. কোনোরূপ রান্না করা খাবার, খাবার প্যাকেট ও পানির বোতল পরিবেশন বা বিতরণ, প্যাভেল কিংবা ছাউনি তৈরি করা যাবে না;
৩. ওয়াশরুমে ব্যবহার্য সামগ্রী (টয়লেট টিসু, সাবান/হ্যান্ডওয়াশ ইত্যাদি) বরাদ্দ গ্রহীতাকে সরবরাহ করতে হবে;
৪. শব্দমূষণ পরিহার করতে হবে;
৫. কোনো রাজনৈতিক উদ্দেশ্যে অডিটোরিয়াম ব্যবহার করা যাবে না;
৬. অশালীন অভিনয়/সম্প্রদায়িক পরিবেশনা/ ধর্মীয় বিতর্কমূলক আলোচনা করা যাবে না;
৭. সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ব্যতীত অনুষ্ঠানে বিদেশি নাগরিকের অংশগ্রহণ নিষিদ্ধ;
৮. অডিটোরিয়ামের অভ্যন্তরে এবং তৎসংলগ্ন এলাকায় ধূমপান করা কিংবা প্রদীপ/মোমবাতি জ্বালানো যাবে না;
৯. অডিটোরিয়ামে স্টেজ, দেয়াল, ফ্লোর কিংবা সংশ্লিষ্ট স্থান বা আসবাবপত্রে পেরেক, আঠা ব্যবহার করা যাবে না;
১০. কোনো টিকেট বিক্রয় করা যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো বিজ্ঞাপন প্রচার করা যাবে না;
১১. অনুষ্ঠানে আনীত মালামাল নিজ দায়িত্বে অডিটোরিয়ামে প্রবেশ করাতে হবে ও অনুষ্ঠান সমাপ্তির পর অনতিবিলম্বে সেসব নিজ দায়িত্বে অডিটোরিয়াম থেকে সরিয়ে নিতে হবে এবং সরিয়ে নেয়ার পূর্বে নিরাপত্তা প্রদানের প্রত্যয়ন ও অনুমোদন প্রয়োজন হবে;
১২. পোস্টার, ব্যানার, প্রচারসামগ্রী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোথাও লাগানো যাবে না;
১৩. তার নামে বরাদ্দ মিলনায়তন অন্য কোনো ব্যক্তি, সংস্থা বা সংগঠন ব্যবহার করতে পারবে না;
১৪. বরাদ্দগ্রহীতা বা অতিথি সকলেই নিজে বা তার সঙ্গের জিনিসপত্র নিরাপত্তা তত্ত্বাবধি আওতাধীন হবে;
১৫. অনুষ্ঠান চলাকালে বরাদ্দগ্রহীতা কিংবা তার অতিথির/নিয়োগকৃত কর্মীর দ্বারা অডিটোরিয়ামের আসবাবপত্র, সাজ-সজ্জার সরঞ্জামাদি ও অভ্যন্তরীণ যে কোনো সম্পদের ক্ষতিসাধন হলে তার ক্ষতিপূরণ ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানকে প্রদান করতে হবে;
১৬. **কর্মদিবসে অডিটোরিয়ামের এক শিফটের (বিকাল ৩:০০টা থেকে রাত ৯:০০টা) ভাড়া ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা। ১৫% ভ্যাটসহ মোট ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা অগ্রিম পরিশোধপূর্বক অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি নিতে হবে;**
১৭. ভিডিও প্রজেক্টর প্রতি শিফটে ব্যবহারের জন্য ভাড়ার অতিরিক্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকা (ভ্যাট ব্যতীত) পরিশোধ করাতে হবে;
১৮. সাপোর্ট সার্ভিস ও পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যয় বাস্তবতার নিরিখে ভাড়ার অতিরিক্ত পরিশোধ করতে হবে।


(ড. জীনাত ইমতিয়াজ আলী)
মহাপরিচালক
ফোন : ৮-৩৯১৫৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com

ড. মোঃ মিজানুর রহমান
সদস্য সচিব, একুশে কর্নার স্থাপন বিষয়ক আন্তর্জাতিক সেমিনার কমিটি
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি
Institute of Library and Information Science .
নীলক্ষেত্র হাইস্কুল ভবন (২য় তলা), নীলক্ষেত্র, ঢাকা ১০০০

স্মারক নং: আমাই/অডিটোরিয়াম ব্যবহার (অংশ-১)/৩০/২০১৬/

০১ ফাল্গুন ১৪২৩
তারিখ:-----
১৩ ফেব্রুয়ারি ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
(জেনারেল সচলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২. ডিআইজি, নগর বিশেষশাখা, ১০/এ নিউ বেইলি রোড, ঢাকা।
(সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৩. নির্বাহী প্রকৌশলী, এনওএডসিএস, রমনা, ডিপিডিসি, ২০১, সৈয়দ নজরুল ইসলাম সরগি, ঢাকা।
(নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য অনুরোধ করা হলো)
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রমনা থানা, রমনা।
(সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৫. প্রকল্প ব্যবস্থাপক, খান এন্ড সপ্স (বাংলাদেশ)।
(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. হিসাব সহকারী, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

(মোহাম্মদ মাহবুবুর রহমান খান)
সহকারী পরিচালক